# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Executive Engineer
Rangamati WD Division
BWDB, Kaptai.
Tel.No.02334461393

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
রাঙ্গামাটি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কাপ্তাই।
ফোনঃ ০২৩৩৪৪৬১৩৯৩
E-mail: xen.bwdb.rangamati@gmail.com

স্মারক নং: নিপ্র/রাঙ্গা/ই-৩/৬৯৬ তারিখ: ০১-০৭-২০২৫ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য রাঙ্গামাটি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কাপ্তাই দপ্তরের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনাধিক ০৩ (তিন) কোটি পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নির্ধারিত আবেদন ফরম মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভুক্তির ফরম বিক্রয় ও গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি আবেদনের তফসিল:**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ধরন | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয় শেষের তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির (কার্য/পণ্য) | ০১-০৭-২০২৫ খ্রিঃ | ৩১-০৮-২০২৫ খ্রিঃ | ৩১-০৮-২০২৫ খ্রিঃ |

**২। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসিল:**

| ক্রমিক নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নবায়ন বহি পুনঃইস্যু করে ফেরৎ প্রদান আরম্ভের তারিখ | নবায়ন বহি পুনঃইস্যু করে ফেরৎ প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ০১। | ০১-০৭-২০২৫ খ্রিঃ | ৩১-০৮-২০২৫ খ্রিঃ | ০৭-০৯-২০২৫ খ্রিঃ | ২১-০৯-২০২৫ খ্রিঃ |

**৩। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী:**

| ক্রমিক নং | নির্দেশাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১। | আবেদনের যোগ্যতা | ক) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, খ) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, গ) ২৫ লক্ষ টাকা সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী, ঘ) জাতীয় পরিচয় পত্র, ঙ) পাসপোর্ট সাইজের ৩কপি ছবি, চ) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ টাকার ষ্ট্যাম্পের হলফনামা, ছ) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২। | আবেদন ফি | ৫০০.০০(পাঁচশত) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩। | তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫,০০০.০০(পাঁচ হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০(সাতশত পঞ্চাশ) টাকার পৃথক দুটি অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করতে হবে। |
| ০৪। | নবায়ন ফি | নিবন্ধন ফি ২,০০০.০০(দুই হাজার) টাকা মাত্র এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০(তিনশত) টাকার পৃথক দুটি অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র সংগ্রহ করতে হবে। |

৪। তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।

৫। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়ন করা হবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

০১/০৭/২০২৫

**(তয়ন কুমার ত্রিপুরা)**
নির্বাহী প্রকৌশলী
রাঙ্গামাটি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কাপ্তাই।

স্মারক নং: নিপ্র/রাঙ্গা/ই-৩/**৬৯৬(৯)** তারিখ: ০১-০৭-২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী এবং ১টি আঞ্চলিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বাপাউবো ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৬। সিএস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

০৭। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, চট্টগ্রাম।

০৮। হিসাব শাখা/প্রাক্কলনিক, অত্র দপ্তর।

০৯। অফিস কপি।

০১/০৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী
রাঙ্গামাটি পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কাপ্তাই।